মেহেরপুরে বহিস্কৃত কারারক্ষী আলিমের সহযোগী সেন্টু আটক

মেহেরপুরে মাদক মামলার পলাতক আসামী মোহাম্মদ সেন্টু রহমানকে আটক করেছে মেহেরপুর ডিবি পুলিশ। বৃহস্পতিবার সন্ধায় গাংনী উপজেলার বামুন্দী এলাকা থেকে তাকে আটক করা হয়। গত মঙ্গলবার ইয়াবাসহ আটক হওয়া কারারক্ষী আব্দুল আলিম বিশ্বাস এর সহযোগী হিসেবে কাজ করতো সেন্টু। এসময় আব্দুল আলিম সহ পলাতক আসামী হিসেবে সেন্টুর নামে মেহেরপুর সদর থানায় একটি মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছিল। আটক সেন্টু গাংনীর চেরাগী গ্রামের মৃত সবগুল মন্ডলের ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, গত মঙ্গলবার আটক হওয়া কারারক্ষী আব্দুল আলিম এর সহযোগী হিসেবে কাজ করতো সেন্টু। জেলে থাকাকালিন সময়ে আব্দুল আলিম এর সাথে সক্ষ্য গড়ে ওঠে সেন্টুর। জেল থেকে বের হয়ে সেন্টুর সহযোগীতায় মাদকের সিন্ডিকেট গড়ে তুলেছিল আলিম। ওসি জুলফিকার আরও জানান, আটক সেন্টু বিরুদ্ধে এছাড়াও আরও ৭ টি মামলা রয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরের নতুন ডিসি শহিদুল ইসলাম চৌধুরী

মেহেরপুর জেলার নতুন ডিসি হিসেবে যোগদান করবেন শহিদুল ইসলাম চৌধুরী। তিনি মন্ত্রী পরিষদ বিভাগের উপ সচিব হিসেবে কর্মরত ছিলেন।

সেই সাথে মেহেরপুরের বর্তমান জেলা প্রশাসক আতাউল গনি টাঙ্গাইল জেলা প্রশাসক হিসেবে পদায়ন হয়েছে।

২৫ তারিখ বৃহস্পতিবার রাষ্ট্রপতির আদেশক্রমে জনপ্রশাসন

মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব রাসেল হাসান সাক্ষরিত এ বিষয়ে একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

প্রজ্ঞাপন অনুযায়ী, টাঙ্গাইলের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মো. শহীদুল ইসলামকে ঢাকায়, মেহেরপুরের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মো. আতাউল গনিকে টাঙ্গাইলে, মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব মো. শহিদুল ইসলাম চৌধুরীকে মেহেরপুরে, ঢাকা উত্তর সিটি করপোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা মীর নাহিদ আহসানকে মৌলভীবাজারে,

জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত উপসচিব মো. তমিজুল ইসলাম খানকে যশোরে, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মন্ত্রীর একান্ত সচিব মোহাম্মদ খোরশেদ আলম খানকে নোয়াখালীতে, জননিরাপত্তা বিভাগের উপসচিব আব্দুল জলিলকে রাজশাহীতে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক মো. জিয়াউল হককে বগুড়ায় এবং বিসিএস প্রশাসন একাডেমির উপপরিচালক ড. রহিমা খাতুনকে মাদারীপুরে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুর পৌর বিএনপি’র খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরে পৌর বিএনপি’র উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার সকালে মেহেরপুর পৌর বিএনপি’র উদ্যোগে পৌরসভার ৩,৪,৫ নম্বর ওয়ার্ডে করোনায় ক্ষতিগ্রস্ত অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেন

জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন অসহায় পরিবারের মাঝে খাদ্য তুলে দেন। এ সময় তিনি বলেন, কাউকে খুশি করতে মেহেরপুরের গনমাধ্যমের কাছে করোনার আক্রান্ত ও শনাক্তের সঠিক তথ্য দেওয়া হচ্ছে না। প্রমাণ করা হচ্ছে মেহেরপুর করোনা রোগীর সংখ্যা একেবারেই কম।

যে পরিমাণে রোগীর পরীক্ষা করার কথা সেই পরিমাণ রোগীর করোনা পরীক্ষা করা হচ্ছে না।

তিনি আরো বলেন, মেহেরপুরকে গ্রীন জন ঘোষণা করা হয়েছে গতকাল ৬ জন ও তার আগেরদিন ৫ জনসহ সর্বসাকুল্যে অর্ধশতাধিক করোনা পজিটিভ রোগী শনাক্ত হয়েছে। প্রতিদিনই শোনা যাচ্ছে কোথাও না কোথাও করোনা উপসর্গ নিয়ে মৃত্যুবরণ করছে।এবং শত শত রোগী হোম কোয়ারেন্টাইন আছে।

সেই সাথে মেহেরপুর জেলাকে রেড জোন ঘোষনা করে আইসোলেশন সেন্টার, ইনসেনটিভ কেয়ার, কোয়ান্টাইনের একটি প্রাতিষ্ঠানিক ব্যবস্থা করার আহবান জানান।

এসময় উপস্থিত ছিলেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি আনসারুল হক, যুগ্ম সম্পাদক আব্দুর রহিম,সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ,বিএনপি নেতা আব্দুর রশিদ, আব্দুল্লাহ মাস্টার কালু, শাহ জাহান শাহ, আব্দুল হালিমসহ জেলা বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাবৃন্দ।

মেপ্র/এমএফআর

মুজিবনগরে সমাজসেবা অফিসের খাদ্য সহায়তা প্রদান

জাতীয় সমাজ কল্যান পরিষদের অর্থায়নে ও মুজিবনগর উপজেলা সমাজকল্যান পরিষদের সার্বিক ব্যাবস্থাপনায় করোনার কারনে ক্ষতিগ্রস্ত, কর্মহিন দুস্ত পরিবারের মাঝে খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে।

বৃহস্প্রতিবার সকালে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি উপস্থিত থেকে এ সকল খাদ্য সহায়তা প্রদানের উদ্বোধন করেন।

এ সময় উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব

উপস্থিত ছিলেন।

এ সময় মুজিবনগর উপজেলার ২৪০ টি পরিবারের মাঝে খাদ্য সহায়তা প্রদান করা হয়।

মেপ্র/এমএফআর

কারাগারে কারারক্ষী আব্দুল আলিম, দুইদিনের রিমান্ড মঞ্জুর

মেহেরপুরের জেলা কারাগারের কারারক্ষী আব্দল আলিম বিশ্বাসকে কারাগারে পাঠানো হয়েছে। তার দুইদিনের রিমান্ড মঞ্জুর করেছে আদালত। গত ২৪ জুন বুধবার চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট শিরিন শারমিন তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

সেই সাথে রিমান্ডের আবদন করলে আদালত দুই দিনের রিমান্ড মঞ্জর করেন। তবে কাগজপত্র না পৌছানোর জন্য রিমান্ড শুরু হয়নি।

মেহেরপুর জেলা কারাগারের কারারক্ষীর দায়িত্ব থেকে তাকে সাময়িক বরখাস্ত করেছেন বলে নিশ্চিত করেন জেল সুপার কামরুল হাসান। তিনি আরও বলেন, সাময়িক বরখাস্ত করাসহ তার বিরুদ্ধে বিভাগীয় মামলা করা হয়েছে।

উল্লেখ্য, গত ২৩ জুন মঙ্গলবার মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের অভিযানে ৬৫ পিচ ইয়াবাসহ আব্দুল আলিম বিশ্বাসকে আটক করা হয়। মেহেরপুর সদরের খন্দকার পাড়ার একটি ভাড়া বাসা থেকে তাকে আটক করা হয়। পরে মেহেরপুর সদর থানায় একটি মাদক নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয়।

গত বুধবার আসামী আব্দুল আলিমকে কোর্টে চালান করা হয়। পরে চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট শিরিন শারমিন এর নির্দেশে কারাগারে পাঠানো হয়।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে নতুন করে ৬ জন করোনা পজিটিভ

মেহেরপুরে নতুন করে আরও ৬ জন কোভিড-১৯ পজিটিভ রোগী সনাক্ত করা হয়েছে। ২৪ জুন বুধবার কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ২০ টি প্রাপ্ত রিপোর্ট এর মধ্যে ৬ টি পজিটিভ এসেছে। এর মধ্যে সদরে ৫ জনে এবং মুজিবনগরে ১ জন পজিটিভ।

মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসিরউদ্দিন বিষয়টি নিশ্চিত করে বলেন, মেহেরপুরে নতুন করে ৬ জন কোভিড-১৯ পজিটিভ হয়েছে। । সেই সাথে আজ বুধবার নমুনা সংগ্রহ করা হয়েছে ৫৯ জনের এর মধ্যে সদর ১২, মেহেরপুর সদর হাসপাতাল ১০, গাংনী ৩৩ এবং মুজিবনগর ০৪ জন।

আওয়ামীলীগের ৭১ তম প্রতিষ্ঠা বার্ষিকীতে মেহেরপুরে ৭১ হাজার বৃক্ষরোপণের উদ্বোধন

মেহেরপুর জেলা যুবলীগের উদ্যোগে জেলায় ৭১ হাজার বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। বাংলাদেশ আওয়ামী যুবলীগ কেন্দ্রীয় কমিটি আহবানে বাংলাদেশ আওয়ামীলীগের ৭১ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন এই বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন।

বুধবার দুপুরে শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানে বৃক্ষরোপণের মধ্য দিয়ে এই কর্মসূচির শুভ সূচনা করা হয়।

এ সময় মাহফুজুর রহমান রিটন বলেন, কেন্দ্রীয় যুবলীগের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ আওয়ামীলীগের ৭১ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে

মেহেরপুরে ৭১ হাজার বৃক্ষরোপণ করা হবে। বৃক্ষরোপণের মধ্যদিয়ে আমরা একটি সবুজ মেহেরপুর গড়ে তুলবো। বৃক্ষ আমাদের পরম বন্ধু, প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় এর ভূমিক অপরিসীম। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রত্যেক মানুষকে তিনটি করে বৃক্ষরোপণ করা আহবান জানিয়েছেন। এরই ধারাবাহিকতায় আমরা মেহেরপুর জেলায় ৭১ হাজার বৃক্ষরোপণের উদ্যোগ নিয়েছি।

মেহেরপুর জেলার ১৮টি ইউনিয়ন যুবলীগের প্রতিনিধিদের হাতে তৃনমুল পর্যায়ে বৃক্ষরোপণের জন্য গাছের চারা দেওয়া হবে। এরই ধারাবাহিকতায় বুধবার মেহেরপুর সদরের ৪ টি ইউনিয়ন, বুড়িপোতা, কুতুবপুর, আহমদ ও আমঝুপি ইউনিয়ন যুবলীগের সভাপতি- সম্পাদকের হাতে গাছের চারা তুলে দেন যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন।

বৃক্ষরোপণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন, পৌরসভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, জেলা যুবলীগের সদস্য সাজিজুর রহমান সাজু, ইয়ানুস, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা, সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মাসুদ রানা প্রমুখ।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে চার শতাধিক ব্যবসায়ীর পেশা বদল

করোনা প্রাদুর্ভাবে পেশা বদল করেছে মেহেরপুরের পর্যটন এলাকা কেন্দ্রিক ব্যবসায়ীরা। পর্যটন এলাকায় দীর্ঘদিন জনসমাগম না থাকায় এমনটি হয়েছে বলে জানিয়েছে ব্যবসায়ীরা। মেহেরপুরে ছোট বড় তিনটি পর্যটন এলাকা হিসেবে দেশ ব্যাপী পরিচিত। ইতোমধ্যে মেহেরপুরের মুজিবনগরকে আন্তর্জাতিক মানের পর্যটন কন্দ্রে হিসেবে গড়ে তোলার কাজ চলছে। কিন্তু করোনার কারণে সেটি আপতত বন্ধ আছে। এছাড়াও ব্রিটিশদের স্মৃতি বিজড়িত আমঝুপি নীলকুঠি ও গাংনী উপজেলার ভাটপাড়ায় ডিসি ইকোপার্ক।

এইসব পর্যটন এলাকাকে কেন্দ্র করে চার শতাধীক ব্যবসায়ী তাদের জীবিকা নির্বাহ করতো। পর্যটন এলাকার চারিপাশে বিভিন্ন খাদ্য সামগ্রী, চায়ের স্টল, খেলনা সামগ্রী, খাবারের দোকান ইত্যাদি সাজিয়ে বসেছিল ব্যবসায়ীরা। এই ব্যবসার মাধ্যমে তাদের সংসার চলতো। কিন্তু গত মার্চ মাসের শেষের দিক থেকে এখন পর্যন্ত করোনার প্রার্দুভাবে এইসব পর্যটন এলাকায় মানুষের আনাগোনা নেই বললেই চলে। একারনেই দোকানপাট গুলো ইতোমধ্যেই বন্ধ হয়ে গেছে। সংসার চালাতে বেছে নিয়েছে ভিন্ন পেশা। কেউ কেউ দোকান খুলে বসে থাকলেও সংসার চালানোর মত উপার্জন হয়না।

মেহেরপুরের সবচেয়ে বড় পর্যটন এলাকা হচ্ছে স্বাধীনতার সূতিকাগার ঐতিহাসিক মুজিবনগর। বছরের শুরুতে পর্যটকদের উপচেপড়া ভিড় থাকলেও সারা বছরই দেশ বিদেশ থেকে পর্যটকদের আনাগোনা থাকে ব্যাপক। কিন্তু এখন তার ভিন্ন চিত্র। অবকাঠামো ছাড়া আর কিছুই চোখে পড়ে না।

এ এলাকার ব্যবসায়ীরা বাধ্য হয়ে পরিবর্তন করেছে তাদের পেশা। কেউ পরের জমিতে কৃষি কাজ করে, কেউ সবজি বিক্রি করছে, কেউ মৌসুমি ফল আমের ব্যবসার সাথে জড়িত হয়েছে, কেউ বিভিন্ন জায়গায় শ্রমিক হিসেবে কাজ করছে।

সোনাপুর গ্রামের আব্দুল কুদ্দুস ২২ বছর ধরে মুজিবনগর আমবাগানের ভিতর চা বিক্রি করে আসছেন। দিন গেলে দেড় থেকে দুই হাজার টাকা উপার্জন করতো। সংসার চালিয়ে কিছু টাকা জমা করে রাখতেন ভবিষ্যতের কথা ভেবে। এখন জমা করাতো দুরের কথা ঠিকমত সংসার চালানোই মুশকিল তার জন্য। পেশা বদল করে তিনি এখন আমের ব্যবসা করেন। কাঁচা আম কিনে পাকানোর পর বাজারে বসে খুচরা দরে বিক্রি করেন। কুদ্দুস বলেন “আমের সিজিন শেষ। এখন কি করবো বুঝতে পারছি না। বয়সও হইছে কঠিন কাজতো করতে পারবো না। দেখা যাক ভাগ্যে কি আছে”?

কসমেট্রিক্স ব্যাবসায়ী পলাশ বলেন,করোনার কারনে দীর্ঘদিন ধরে দোকান বন্ধ আছে। পর্যটক না থাকায় দোকানে বেচাকেনা হচ্ছে না। তাই দোকান বন্ধ রেখেছি। আমি এখন আম পাড়ার লেবার হিসেবে কাজ করছি।
হোটেল ব্যবসায়ী মিহিদুল ইসলাম জানান, করোনার কারনে দীর্ঘদিন ধরে হোটেল বন্ধ রেখেছি। খাওয়ার লোক নেই। নিজের কিছু জমি আছে সেই সাথে অন্যের কিছু জমি লিজ নিয়ে চাষাবাদ করছি।

মুজিবনগর আমবাগানে চট বিছিয়ে খেলনা বিক্রি করতেন মোজাম্মেল হক। এখন তিনি পাখি ভ্যান চালান। যদিও তাতেও রয়েছে কঠোর নির্দেশনা। তারপরও জীবিকার তাগিদে ভ্যান চালাতে বাধ্য হয়েছেন ৫৫ বছরের মোজাম্মেল।

কসমেট্রিক্স ব্যবসায়ী আব্দুর রাজ্জাক জানান,আমি মাঠে কাজ করতে পারি না। কসমেট্রিক্স ব্যবসায়ের উপর আমার সংসার চলতো। করোনার কারনে মুজিবনগরে পর্যটক না আসায় দীর্ঘদিন ধরে দোকানে কোন কাস্টমার নেই। তারপরও খুলে রেখেছি স্থানীয়দের আশায়।

পাইকারী খেলনা ব্যবসায়ী শরিফুল মোল্লা জানান, আমরা সাধারণত খুচরা ব্যবসায়ীদের কাছে খেলনা বিক্রি করে থাকি। করোনার কারনে মুজিবনগরে পর্যটক না আসায় খুচরা ব্যবসায়ীরা তাদের মালামাল বিক্রি করতে পারছি না। এতে করে ঘরে মালামাল বোঝায় করে রেখেছি। মালামাল গুলো বিক্রি করতে না পেরে আমরা লোকসানের মুখে পড়েছি।

গাংনী উপজেলার ভাটপাড়া ডিসি ইকোপার্ক। এই পর্যটন এলাকাকে কেন্দ্র করে ছোট বড় মোট ১৫ জন বিভিন্ন ধরনের ব্যবসায়ী ছিল। এখন একটি মাত্র দোকান খোলা থাকে, বাকি গুলো সব বন্ধ। এছাড়াও পার্কের বিভিন্ন ধরনের বিনোদনের ব্যবস্থাও ছিল। এগুলো চালিয়ে জিবিকা নির্বাহ করতো স্থানীয় কিছু নিম্ন আয়ের মানুষ। করোনা প্রাদুর্ভাবে পর্যটক না থাকায় বেছে নিয়েছে ভিন্ন পথ।

টয়ট্রেনের মালিক আকবর আলী জানান, ইকো পার্কে দর্শনার্থী না থাকায় ব্যবসার সকল কার্যক্রম বন্ধ রয়েছে। টয়ট্রেনের পরিচালনার দায়িত্বে নিয়োজিত শ্রমিকেরা কাজ ছেড়ে জীবিকার তাগিদে দিন মজুর হিসেবে অন্যের জমিতে কামলার কাজ করছেন।

নাগরদোলার মালিক জয়নাল আবেদীন বলেন, আমি একটি সমবায় সমিতির সাথে জড়িত। ব্যবসা না থাকায় সমিতি নিয়ে ব্যস্ত আছি। তবে এগুলি লক্ষ লক্ষ টাকা খরচ করে তৈরি করা হলেও চালু না থাকায় মরিচা পড়ে নষ্টের পথে।

পার্ক সংলগ্ন কাজলা নদীতে নৌকা পরিচালনাকারী কানু মিয়া জানান, আমি একজন স্যালোইঞ্জিন মিস্ত্রি। আমি নৌকা ছেড়ে দিয়ে মিস্ত্রি পেশায় নিজেকে নিয়োজিত করেছি।

ইকো পার্কের চটপটি ব্যবসায়ী জুয়েল রানা জানান, আমি এখানে একটি দোকান বরাদ্দ নিয়ে চটপটি বিক্রি করে সংসার চালাতাম। বর্তমানে এ

ব্যবসা ছেড়ে ক্ষেত খামারে দিনমজুরের কাজ করছি।

আজব গুহার মালিক ইয়ারুল ও সুমন আহাম্মেদ জানান, আমি অনেক টাকা ধার দেনার মধ্যে পড়েছি। বর্তমানে অন্য পেশায় যেতে চাইছি। কবে নাগাদ সবকিছু ঠিকঠাক হবে আল্লাহ ছাড়া কেই জানেনা। তাই পেটতো চালাতে হবে।

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে অবস্থিত নীলকুঠি। বিট্রিশ শাসনামলের নীল চাষের সাক্ষী। সারা বছরই কমবেশি লোকজন আসে এই নীলকুঠি দেখতে। তবে বিশেষ দিনে এখানে পর্যটক হয় অনেক। এখানে তেমন একটা ব্যবসায়ী না থাকলেও স্থানীয় কয়েকজন অস্থায়ীভাবে চা-পানের দোকান চালাতেন। জনসমাগম না থাকায় ইতোমধ্যে একটি দোকান বন্ধ হয়ে গেছে। আরেকটি কোন রকমে টিকে আছে। স্থানীয় কিছু তরুণদের কল্যাণে ব্যবসা চালিয়ে যাচ্ছেন রাসেল।

প্রতিবেদনটি তৈরিতে সহযোগীতা করেছেন গাংনী প্রতিনিধি আক্তারুজ্জামান ও মুজিবনগর প্রতিনিধি শাকিল রেজা।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে ৬৫ পিস ইয়াবাসহ কারারক্ষী আটক

মেহেরপুর শহর সংলগ্ন খন্দকারপাড়ায় জেলা কারাগারের পাশে অভিযান চালিয়ে ৬৫পিস ইয়াবাসহ আব্দুল আলিম বিশ্বাস নামের এক কারারক্ষীকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

মঙ্গলবার সন্ধা ৬ টার দিকে ডিবি পুলিশের ওসি জুলফিকার আলীর নেতৃত্বে এ অভিযান পরিচালনা করেন।

আটক আব্দুল আলিম বিশ্বাস মেহেরপুর জেলা কারাগারের কারারক্ষী হিসেবে কর্মরত রয়েছেন, তাঁর আইডি নাম্বার ৪১৯১১। তিনি কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলা হাসপাতাল পাড়ার তজির উদ্দিন বিশ্বাসের ছেলে।

অভিযানে আরও উপস্থিত ছিলেন ডিবি পুলিশের এস আই অজয় কুমার কুন্ডু, এ এস আই জসিম, মাহাতাবসহ ডিবি পুলিশের কয়কজন সদস্য।

ওসি জুলফিকার আলী জানান, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর খন্দকারপাড়ায় ইয়াসিন আলীর মালিকানাধীন একটি বাড়ি থেকে ৬৫ পিচ ইয়াবাসহ আব্দুল আলিম বিশ্বাস নামের এক কারারক্ষীকে আটক করা হয়েছে। আটক আব্দুল আলিম বিশ্বাস ওই বাড়িতে ভাড়ায় থাকেন। তিনি মেহেরপুর জেলা কারাগারের কারারক্ষী হিসেবে কর্মরত আছেন।

ওসি আরও জানান, আব্দুল আলিম বিশ্বাস এর আগেও নড়াইলে কারারক্ষীর দায়িত্ব পালন করার সময় দায়িত্বে অবহেলার কারনে ৭ মাস সাময়িক বরখাস্ত ছিল।

মেহেরপুর জেলা কারাগারের জেলার শরিফুল আলম জানান, আগামিকাল কারাগারে আসলে তাঁকে সাময়িক বরখাস্ত করা হবে এবং বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে বিনামূল্যে ৮১ হাজার মাস্ক বিতরণের উদ্বোধন

মেহেরপুরে করোনা ভাইরাস প্রতিরোধে বাংলাদেশ আওয়ামীলীগের ৭১ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে প্রথম পর্যায়ে ৮১ হাজার মাস্ক সাধারণ মানুষের মাঝে বিতরণ করা হবে। ভার্চ্যুয়াল কনফারেন্সের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে মাস্ক বিতরণের উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন।

মঙ্গলবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সাংবাদিকদের ব্রিফিংকালে এ ঘোষনা দেন। সেই সাথে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর পক্ষে জেলা প্রশাসক আতাউল গনি সাংবাদিকদের হাতে মাস্ক তুলে দিয়ে বিরতনের শুভ সূচনা করেন। এ সময় ভার্চ্যুয়াল কনফারেন্সে একযোগে সংযুক্ত ছিলেন, জেলা শিল্পকলা একাডেমী থেকে জেলা আওয়ামীলীগের নেতৃবৃন্দ এবং মেহেরপুর ও মুজিবনগর ৯টি ইউনিয়নের জন প্রতিনিধিরা।

জেলা প্রশাসক আতাউল গনির সভাপতিত্বে কনফারেন্সে বক্তব্য দেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, ভারপ্রাপ্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, জেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক ইব্রাহীম শাহীন, কুতুবপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ইদ্রিস আলী, আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু, মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি খোকন।

বাংলাদেশ আওয়ামীলীগের ৭১ তম প্রতিষ্ঠা বার্ষিকীর শুভেচ্ছা জানিয়ে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, আমরা কঠিন সময়ের মধ্য দিয়ে পার হচ্ছি। অদৃশ্য শত্রু করেনা মোকাবেলায় আমাদের নিজেদের সচেতন হওয়ার বিকল্প নেই। তাই আমরা উদ্যোগ নিয়েছি মেহেরপুরে প্রথম পর্যায়ে ৮১ হাজার মাস্ক বিতরণ করা হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তার তত্তাবধানে তৃনমুল পর্যায়ের মানুষের মাঝে এই মাস্ক তুলে দেওয়া হবে।

জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, করোনা ভাইরাস পরীক্ষা আরোও বাড়ানোর জন্য আমরা পিসিআর মেশিন জার্মানি থেকে আমদানি করার চেষ্টা করছি। সল্পতার কারনে সময় লাগছে, আশা করি খুব তাড়াতাড়ি আমরা আরও মেশিন নিয়ে আসতে পারবো। সর্বপরি আমাদের একটি বিষয় মাথায় রাখতে হবে, করোনা মোকাবেলায় আমাদের নিজেদের স্বাস্থসুরক্ষা নিজেরাই নিশ্চিত করবো। অর্থনৈতিক প্রতিবন্ধকতা যাতে তৈরি না হয় সেজন্য আমাদের এই আতঙ্কের মধ্যেই সকল কাজকর্ম চালিয়ে যেতে হবে।

এসময় উপস্থিত ছিলেন, জেলা প্রেস ক্লাবের সভাপতি মোজাম্মেল আযম, মেহেরপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আল আমিন, সিনিয়র সাংবাদিক রুহুল কুদ্দুস টিটু, রফিকুল আলম, মেহেরপুর প্রতিদিন এর চীফ রিপোর্টার মর্তুজা ফারুক রুপক সহ মেহেরপুরের সাংবাদিকবৃন্দ।

মেপ্র/এমএফআর